গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস, এপিএ ও সুশাসন শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২৩-২০২৪ অর্থবছরের কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে ঈদ যাত্রা ও সড়ক নিরাপত্তা বিষয়ে গণশুনানি ও মতবিনিময় সভার রেকর্ড অব নোটস :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **এ বি এম আমিন উল্লাহ নুরী**<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ৩১ মার্চ ২০২৪ |
| সময় | : | সকাল ১০.০০ মিনিট |
| স্থান | : | শহীদ এ কে শামসুদ্দিন সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি ঈদযাত্রা ও সড়ক নিরাপত্তা বিষয়ে গণশুনানী ও মতবিনিময় সভার কার্যক্রম শুরু করেন এবং সংশ্লিষ্ট সকলের প্রতি গণশুনানী ও মতবিনিময় সভায় অংশগ্রহণের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।

১.২ প্রারম্ভিক বক্তব্যে সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশলের আওতায় গণশুনানী ও মতবিনিময় সভা আয়োজনের গুরুত্ব ব্যাখ্যা করে বলেন যে, ১৯৭৪ সালের ২৫ ডিসেম্বরে জাতির উদ্দেশ্যে প্রদত্ত ভাষণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছিলেন, "... সুখী ও সমৃদ্ধিশালী দেশ গড়তে হলে দেশবাসীকে কঠোর পরিশ্রমের মাধ্যমে উৎপাদন বাড়াতে হবে। কিন্তু একটি কথা ভুলে গেলে চলবে না – চরিত্রের পরিবর্তন না হলে এই অভাগা দেশের ভাগ্য ফেরানো যাবে কি না সন্দেহ। স্বজনপ্রীতি, দুর্নীতি ও আত্মপ্রবঞ্চনার উর্ধ্বে থেকে আমাদের সকলকে আত্মসমালোচনা, আত্মসংযম ও আত্মশুদ্ধি করতে হবে।" মহান নেতার এই ভাষণ ও তাঁর সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়নের অংশ হিসাবে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও তার আওতাধীন দপ্তরসমূহ প্রতি অর্থবছর শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন করছেন। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারি সকল দপ্তরে প্রাতিষ্ঠানিক ও আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করাসহ দুর্নীতি প্রতিরোধে শুদ্ধাচার চর্চার উপর বিশেষ গুরুত্বারোপ করেছেন। তিনি জানান জাতির পিতার স্বপ্ন ও মাননীয় প্রধানমন্ত্রীর অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে আজকের এই গণশুনানী ও মতবিনিয়ম সভার আয়োজন করা হয়েছে। সভাপতি উল্লেখ করেন যে, সেবা গ্রহীতার দরজায় সেবা পৌঁছে দেয়া আমাদের নৈতিক দায়িত্ব। অবশেষে তিনি ঈদযাত্রা ও সড়ক নিরাপত্তা বিষয়ে উপস্থিত অংশীজনের মতামত ও পরামর্শ আহ্বান করেন।

২.০ গণশুনানী ও মতবিনিময় সভায় অংশগ্রহণকারীগণের মতামত/পরামর্শ :

২.১ **মীর মোহাম্মদ মাহবুবুর রহমান, জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ :** তিনি সভাকে অবহিত করেন যে, গত বছর ৫৬ হাজার যানবাহন যমুনা সেতু দিয়ে পারাপার হয়েছিল। আশংকা করা হচ্ছে এবার আরও বেশী সংখ্যক যানবাহন যমুনা সেতু পারাপার হবে। সংশ্লিষ্ট সকলকে নিয়ে গত ১৯/০৩/২০২৪ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি আরও উল্লেখ করেন, হাইওয়েতে ছোট গাড়ী বন্ধ রাখা হবে। ২টি মেডিক্যাল টিম কাজ করবে। এছাড়া কড্ডার মোড় ও হাটিকুমরুল এলাকায় ফায়ার সার্ভিসের টিম প্রস্তুত থাকবে। গার্মেন্টস ছুটিতে প্রচুর পরিমাণে ফিটনেস বিহীন গাড়ী এবং ট্রাকে যাত্রী চলাচল করে। এগুলো সূচনাতে রোধ করা গেলে সড়ক দুর্ঘটনা হ্রাস করা সম্ভব। সড়ক দুর্ঘটনা মহামারীতে রূপ নিয়েছে। সকলে মিলে এগুলি রোধ করতে হবে। আশা করা যায় পূর্বের তুলনায় এবার ঈদ যাত্রা অনেক ভাল হবে।

২.২ **সভাপতি মহোদয় :** সভায় উল্লেখ করেন যে, ঝাউল ব্রিজ এর যানজট ব্যবস্থাপনায় সকলে একসাথে কাজ করতে হবে। সড়কের বর্তমান অবস্থা পূর্বের তুলনায় অনেক ভাল। তিনি আরও উল্লেখ করেন, ড্রাইভিং লাইসেন্স পরীক্ষা দেয়ার জন্য শুধুমাত্র ১ দিন বিআরটিএ অফিসে যেতে হবে। সর্বোচ্চ ১ মাসের মধ্যে ড্রাইভিং লাইসেন্স ঠিকানায় পৌঁছে যায়। ই-লাইসেন্স দেয়া হচ্ছে। ই-লাইসেন্স দিয়ে গাড়ী চালানো যায়। গাড়ী ফিটনেস পরীক্ষার জন্য অবশ্যই বিআরটিএ-তে আনতে হবে।

২.৩ **বীর মুক্তিযোদ্ধা গাজী ফজলুল মতিন মুক্তা, সাবেক ডেপুটি কমান্ডার, জেলা মুক্তিযোদ্ধা কমান্ড :** তিনি সভাকে অবহিত করেন যে, ২২টি জেলার সংযোগ সিরাজগঞ্জ। নলকা ব্রীজের এপ্রোচে উঠতে ও নামতে মাটি compact হয়নি, গাড়ীতে আঘাত লাগার ফলে চলাচলে বিঘ্ন ঘটে, এটির সমাধান করা দরকার। সড়কে চাঁদাবাজি বন্ধ করা দরকার। তিনি আরও উল্লেখ করেন, ঈদযাত্রার ফিরতি গাড়ীগুলো ভুইয়াগাতি দিয়ে বাইপাস করলে যানজট কিছুটা হলেও নিয়ন্ত্রণে রাখা সম্ভব হবে। কাজীপুর উপজেলার অধিকাংশ লোক পোষাক কারখানায় কাজ করে। এখানে প্রায় একহাজার গাড়ী চলে আসে। এছাড়া পরিবহনের সার্ভিস চার্জ বাবদ ৩০ টাকা আদায় বন্ধের সুপারিশ করেন।

২.৪ **জনাব সুলতান তালুকদার, সাধারণ সম্পাদক, ট্রাক ও কাভার্ড ভ্যান শ্রমিক ইউনিয়ন, সিরাজগঞ্জ :** তিনি সভাকে অবহিত করেন যে, গার্মেন্টস ছুটির প্রথম দিনে প্রায় একহাজার যানবাহন যাত্রী নিয়ে কাজীপুর উপজেলায় আসে। ৮ তারিখের পূর্বে কাজীপুরের সড়ক সংস্কার করা প্রয়োজন। সিরাজগঞ্জে কোন চাঁদাবাজি নেই। তিনি আরও অবহিত করেন যে, সিরাজগঞ্জে কোন ট্রাক টার্মিনাল নেই। তিনি একটি ট্রাক টার্মিনাল নির্মাণের অনুরোধ জানান।

২.৫ **বীর মুক্তিযোদ্ধা মোঃ ইসহাক আলী, সহ-সভাপতি, জেলা আওয়ামী লীগ, সিরাজগঞ্জ :** তিনি সভাকে জানান যে, সড়কের কাজে দীর্ঘ সময় নেয়া হয়। সড়কের খানা খন্দ দ্রুত মেরামত করতে হবে। এছাড়া ঠিকাদার নির্বাচন পদ্ধতি পরিবর্তন করে আরও অধিক ঠিকাদারের মধ্যে প্রতিযোগিতার সুযোগ সৃষ্টির ব্যবস্থা করার অনুরোধ জানান। ড্রাইভিং লাইসেন্স প্রদানের ক্ষেত্রে প্রকৃত অবস্থা যাচাই করার অনুরোধ জানান। এছাড়া আসন্ন ঈদে যাত্রাপথে মলম পার্টির কবল হতে মুক্তির জন্য সকলকে সতর্ক থাকার পরামর্শ প্রদান করেন।

২.৬ **জনাব মোঃ ইউছুফ সূর্য, সভাপতি, চেম্বার অব কমার্স, সিরাজগঞ্জ :** তিনি সভাকে অবহিত করেন যে, বঙ্গবন্ধু সেতুর কারণে সিরাজগঞ্জ অত্যন্ত গুরুত্বপূর্ণ। আসন্ন ঈদে সিরাজগঞ্জ-কাজীপুর-ধুনট সড়ক যানজটমুক্ত রাখতে হবে। এজন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রয়োজন।

২.৭ **জনাব আব্দুস সামাদ তালুকদার, সাধারণ সম্পাদক, জেলা আওয়ামী লীগ, সিরাজগঞ্জ :** তিনি সভাকে জানান যে, কড্ডার মোড়, নলকা ও পাঁচিলায় সিএনজি এবং অটোরিক্সা অসতর্ক অবস্থায় চলাচল করে। তারা যেন রাস্তায় উঠতে না পারে সেদিকে খেয়াল রাখতে হবে। তিনি উল্লেখ করেন যে, ফিটনেস বিহীন গাড়ী রাস্তায় চলাচলের উপর নজরদারী বাড়াতে হবে। ঈদ যাত্রায় অতিরিক্তি ভাড়া আদায় বন্ধ রাখতে হবে। এছাড়া অপরিপক্ক ড্রাইভারের নিকট যেন কোন মালিক গাড়ী না দেয় সেদিকে মালিক পক্ষকে সতর্ক থাকার জন্য তিনি বিশেষভাবে অনুরোধ করেন। তিনি ট্রাফিক ব্যবস্থার উন্নয়নের জন্য ট্রাফিক বিভাগকে অনুরোধ করেন। এছাড়া রাস্তায় ওভার টেকিং বন্ধ করাসহ সড়কে সিসি ক্যামেরার আওতায় আনার জন্য অনুরোধ জানান।

২.৮ **সৈয়দ আব্দুর রউফ মুক্তা, মেয়র, সিরাজগঞ্জ পৌরসভা :** তিনি সভাকে অবহিত করেন যে, বঙ্গবন্ধু সেতু হতে সিরাজগঞ্জ শহর চার লেন কাজের গতি অত্যন্ত নাজুক। ড্রেনের কাজ দ্রুত করা প্রয়োজন। এছাড়া কাজের মান সন্তোষজনক নয়। এছাড়া তিনি আরও বলেন, মুজিব সড়কে আট রাস্তার মোড়ে বঙ্গবন্ধুর ম্যুরাল স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে।

২.৯ **এ্যাডঃ হোসেন আলী হাসান, সভাপতি, জেলা আওয়ামী লীগ, সিরাজগঞ্জ :** তিনি সভায় অভিযোগ করেন যে, ঠিকাদারগণ ভালোভাবে কাজ করেন না। এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। ড্রেন পরিস্কারের জন্য মেশিন ক্রয় করতে হবে। এছাড়া তিনি আরও বলেন যে, আরসিসি সড়ক আরও বেশী পরিমাণ বানাতে হবে। আন্ডারপাসের নীচে যাত্রী পারাপারে যেন দুর্ঘটনা না ঘটে সেদিক খেয়াল রাখতে হবে। তিনি বলেন ঠিকাদার নির্বাচন পদ্ধতি এমনভাবে পরিবর্তন করতে হবে যাতে একই ঠিকাদার বারবার যেন কাজ না পায়। হাটিকুমরুল ইন্টারসেকশনকে শেখ রাসেলের নামে নামকরণ করার জন্য তিনি অনুরোধ জানান।

২.১০ **জনাব হীরক গুণ, সিনিয়র রিপোর্টার, চ্যানেল ২৪, সিরাজগঞ্জ :** তিনি বলেন, বঙ্গবন্ধু সেতু হতে চান্দাইকোনা সড়কটি দ্রুত মেরামত করা প্রয়োজন। রোড মার্কিং, স্পীড লিমিট সাইন দ্রুত স্থাপন করার জন্য তিনি অনুরোধ জানান।

২.১১ **জনাব মোঃ আবুল কালাম আজাদ, নির্বাহী প্রকৌশলী, সিরাজগঞ্জ সড়ক বিভাগ :** তিনি সভাকে অবহিত করেন যে, কাজীপুর সড়কের কাজ চলমান রয়েছে। ঠিকাদার প্রতিষ্ঠান তাহের ব্রাদার্স কাজ ফেলে রাখার জন্য কাজে ধীরগতি ছিল। বর্তমানে উক্ত কাজ দ্রুত চলমান রয়েছে। নলকা-সিরাজগঞ্জ সড়কের ১.৫ কি.মি.-এ ব্রীজ সরানো বিলম্বের কারণে কাজের কিছুটা সমস্যা তৈরী হচ্ছে। দ্রুত এটির সমাধান করা হবে।

২.১২ **জনাব মোঃ হাবিবুর রহমান, পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, বগুড়া রিজিয়ন :** তিনি সভাকে অবহিত করেন যে, ঈদ যাত্রায় সড়কে ড্রোন ব্যবস্থা করা হবে, কমিউনিটি পুলিশ নিয়োগ করা হবে, রেকার প্রস্তুত রাখা হয়েছে, যানবাহনের গতি নিয়ন্ত্রণ করা হবে। এছাড়া সড়কে গাড়ী নষ্ট হলে দ্রুত মেরামতের জন্য মেকানিক প্রস্তুত রাখা হবে। হাইওয়েতে কোন চাঁদা নেয়া যাবেনা। এছাড়া সংশ্লিষ্ট সকলকে নিয়ে ফোকাল পয়েন্ট তালিকা প্রস্তুত করা হচ্ছে। আশা করা যায় এবারের ঈদ যাত্রা অনেক ভাল হবে।

২.১৩ **জনাব মোঃ আহসানুল কবীর, নির্বাহী প্রকৌশলী, বঙ্গবন্ধু বহমুখী সেতু কর্তৃপক্ষ :** তিনি সভাকে অবহিত করেন যে, ঢাকা হতে প্রচুর পরিমাণে যানবাহন সেতু পার হয়। ঈদযাত্রা উপলক্ষ্যে সেতুতে অতিরিক্ত টোল বুথ স্থাপন করা হবে। সেতুতে আনফিট গাড়ী পারাপারের ক্ষেত্রে রেসকিউ করার অনুরোধ জানান। এছাড়া দ্রুত টোল পরিশোধের ক্ষেত্রে ইটিসি ব্যবহারের জন্য সংশ্লিষ্ট সকলকের প্রতি অনুরোধ জানান।

২.১৪ **ড. মোঃ ওয়ালিউর রহমান, প্রকল্প পরিচালক, সাসেক-২ প্রকল্প :** তিনি সভাকে অবহিত করেন যে, নলকা এলাকায় কিছু কাজ বাকী আছে, যা ঈদের পূর্বেই শেষ করা হবে। প্রকল্প এলাকা সিসি ক্যামেরার আওতায় আনা হবে। এছাড়া তিনি উল্লেখ করেন যে, আরসিসি সড়ক বর্তমানে পরীক্ষাধীন অবস্থায় আছে, ভাল ফলাফল পেলে ভবিষ্যতে আরসিসি দ্বারাই সকল সড়ক নির্মাণ করা হবে। ওভারপাসে ন্যারো অংশে দ্রুত সাইন দেয়ার ব্যবস্থা করা হবে।

২.১৫ **জনাব মোঃ আলতাফ হোসেন, সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, সিরাজগঞ্জ :** তিনি সভাকে অবহিত করেন যে, সিরাজগঞ্জ বিআরটিএ-তে প্রয়োজনের তুলনায় জনবল সংকট রয়েছে। এখানে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে ড্রাইভিং লাইসেন্স প্রদান এবং যানবাহনের ফিটনেস প্রদান করা হয়ে থাকে।

২.১৬ **জনাব মোঃ আরিফুর রহমান মন্ডল, বিপিএম(বার), পিপিএম(বার), পুলিশ সুপার, সিরাজগঞ্জ :** তিনি সভাকে অবহিত করেন যে, ঈদযাত্রায় সড়কে ৭০৩ জন পুলিশ নিয়োজিত করা হয়েছে। ৮ঘন্টা করে শিফটিংয়ে ৩৭৯ জন পুলিশ ডিউটি করবে। ৩৮ কি.মি. রাস্তায় মোটর সাইকেলে পুলিশ থাকবে। এছাড়া নলকা, হাটিকুমরুল, ভুইয়া গানি, কড্ডা, ঝাউয়ের ব্রীজ এলাকায় ৫টি রেকার প্রস্তুত রাখা হয়েছে। সড়কে নষ্ট গাড়ী দ্রুত মেরামতের জন্য ৩টি মেকানিক্যাল গ্রুপ প্রস্তুত রাখা হবে। কোন থ্রি-হুইলার যানবাহন মহাসড়কে চলাচল করতে দেয়া হবেনা। এছাড়া যানজট নিরসনের জন্য দ্রুত যোগাযোগের ক্ষেত্রে হোয়াটসআপ গ্রুপ করা হয়েছে।

০৪. **জনাব মোঃ মাহবুবের রহমান, যুগ্মসচিব, বাজেট অনুবিভাগ এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও এপিএ টিম লিডার :** সভায় বলেন, গণশুনানির মাধ্যমে সেবা প্রদানের ক্ষেত্রে সমস্যা ও প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিত হয়। গণশুনানিতে সেবা গ্রহীতা তাঁর সকল সমস্যার কথা সরাসরি বলতে পারেন। সেবা দাতা এবং সেবা গ্রহীতা একসাথে কাজের মাধ্যমে শুদ্ধাচার প্রতিষ্ঠা করতে হবে। সেবা দাতা ও সেবা গ্রহীতা মিলে "আমরা" স্ব স্ব দায়িত্ব পালন করা একান্ত প্রয়োজন। পরিশেষে তিনি সকলকে ২০৪১ সালের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশে স্মার্ট পরিবহন ব্যবস্থা গড়ে তোলার কার্যক্রমে অংশগ্রহণের আহ্বান জানান।

০৫. অতঃপর আর কোন বিষয়/পরামর্শ না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে গণশুনানী ও মতবিনিময় সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
**(এ বি এম আমিন উল্লাহ নুরী)**
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৯.০৬.০১৩.২৩-৫১

তারিখ : ২৬ চৈত্র, ১৪৩০
০৯ এপ্রিল, ২০২৪

**বিতরণ :**

(ক) সরকারি সংস্থা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, ২১ রাজউক এভিনিউ, ঢাকা।
৫. যুগ্মসচিব, বাজেট অনুবিভাগ এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও এপিএ টিম লিডার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৬. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, রাজশাহী জোন, রাজশাহী।
৭. প্রকল্প পরিচালক, সাসেক সড়ক সংযোগ প্রকল্প-২।
৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, পাবনা সড়ক সার্কেল, পাবনা।
৯. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
১০. পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
১১. পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, বগুড়া রিজিয়ন, বগুড়া।
১২. সিভিল সার্জন, সিরাজগঞ্জ।
১৩. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/পানি উন্নয়ন বোর্ড, সিরাজগঞ্জ।
১৪. জেলা কমান্ড্যান্ট, জেলা কমান্ড্যান্ট এর দপ্তর, জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, সিরাজগঞ্জ।
১৫. জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, সিরাজগঞ্জ।
১৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
১৭. তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, সিরাজগঞ্জ।
১৮. উপপরিচালক, এনএসআই, সিরাজগঞ্জ।
১৯. উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিরাজগঞ্জ।
২০. প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, সিরাজগঞ্জ।
২১. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিরাজগঞ্জ।
২২. জেলা শিশুবিষয়ক কর্মকর্তা, শিশু একাডেমী, সিরাজগঞ্জ।
২৩. সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর, সিরাজগঞ্জ।
২৪. পুলিশ পরিদর্শক, হাটিকুমরুল হাইওয়ে থানা, সিরাজগঞ্জ।
২৫. সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, সিরাজগঞ্জ।
২৬. ম্যানেজার (ট্রেনিং), বিআরটিসি সিরাজগঞ্জ প্রশিক্ষণ কেন্দ্র, নিউ ঢাকা রোড, রেলগেট, সিরাজগঞ্জ।
২৭. কোম্পানী কমান্ডার, র‍্যাব-১২, সিরাজগঞ্জ।

(খ) স্থানীয় সংস্থা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, সিরাজগঞ্জ।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ।
৩. উপজেলা পরিষদ চেয়ারম্যান, সিরাজগঞ্জ।
৪. উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ।
৫. মেয়র, সিরাজগঞ্জ পৌরসভা, সিরাজগঞ্জ।
৬. বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, সিরাজগঞ্জ।

(গ) শিক্ষা প্রতিষ্ঠান (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অধ্যক্ষ, শহীদ এম মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ।
২. অধ্যক্ষ, সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ।
৩. অধ্যক্ষ, ইসলামিয়া সরকারি কলেজ, সিরাজগঞ্জ।
৪. অধ্যক্ষ, রাশিদাজ্জোহা মহিলা সরকারি মহিলা কলেজ, সিরাজগঞ্জ।
৫. অধ্যক্ষ, বঙ্গবন্ধু সরকারি কলেজ, সিরাজগঞ্জ।

(ঘ) পরিবহন সংশ্লিষ্ট ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব মোঃ ফজলুল মতিন মুক্তা, সভাপতি, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, সিরাজগঞ্জ।
২. সভাপতি/সাধারন সম্পাদক, প্রেস ক্লাব, সিরাজগঞ্জ।
৩. নির্বাহী পরিচালক, এনডিপি, এনডিপি ভবন, বাগবাড়ী শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ।
৪. নির্বাহী পরিচালক, মানব মুক্তি সংস্থা, খাস বড়শিমুল, বঙ্গবন্ধু সেতু পশ্চিম, সিরাজগঞ্জ।
৫. নির্বাহী পরিচালক, ব্র্যাক, মুক্তা সিরাজীর বাসা, সিরাজগঞ্জ।
৬. নির্বাহী পরিচালক, সুখের আলো মহিলা সংস্থা, কায়কোশা বাজার, কামারখন্দ, সিরাজগঞ্জ।
৭. জনাব মোস্তাফিজুর রহমান, ইবি রোড, সিরাজগঞ্জ।

৮. এ্যাডভোকেট কে, এম হোসেন আলী হাসান, সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ, সিরাজগঞ্জ জেলা শাখা।
৯. জনাব আব্দুল হাই তালুকদার, সভাপতি, জেলা জাসদ, সিরাজগঞ্জ।
১০. জনাব মোঃ আব্দুছ সামাদ তালুকদার, সাধারন সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, সিরাজগঞ্জ জেলা শাখা।
১১. জনাব মোঃ আবু ইসহাক, দত্তবাড়ী, সিরাজগঞ্জ।
১২. জনাব আবু ইউসুফ সুর্য, স্টেডিয়াম রোড, সিরাজগঞ্জ।
১৩. এ্যাডভোকেট বিমল কুমার দাস, মোক্তার পাড়া, সিরাজগঞ্জ।
১৪. এ্যাডভোকেট কাজী সেলিনা পারভীন (পান্না), জুবলী রোড, সিরাজগঞ্জ।
১৫. জনাব মির্জা ফারুক, সাধারন সম্পাদক, জাতীয় পার্টি, সিরাজগঞ্জ জেলা শাখা, সিরাজগঞ্জ।
১৬. এ্যাডভোকেট হেদায়েতুল ইসলাম, সভাপতি, ন্যাপ, বিএ কলেজ রোড সিরাজগঞ্জ।
১৭. সভাপতি/সাধারন সম্পাদক, সিরাজগঞ্জ জেলা বাস মালিক সমিতি, সিরাজগঞ্জ।
১৮. সভাপতি/সাধারন সম্পাদক, সিরাজগঞ্জ জেলা ট্রাক মালিক সমিতি, সিরাজগঞ্জ।
১৯. সভাপতি/সাধারন সম্পাদক, সিরাজগঞ্জ জেলা মটর শ্রমিক ইউনিয়ন, সিরাজগঞ্জ।
২০. সভাপতি/সাধারন সম্পাদক, সিরাজগঞ্জ জেলা ট্যাংক লরি, কাভার্ড ভ্যান শ্রমিক ইউনিয়ন, সিরাজগঞ্জ।

**অনুলিপি (সদয় অবগতির জন্য) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

২। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রনালয় [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৩। একান্ত সচিব, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৪। অফিস কপি/মাস্টার কপি।

**অনুলিপি (কার্যার্থে):**

১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।

৯।৪।২৪

(মুহাম্মদ কামরুল হাসান)
উপসচিব
ফোন : ২২৩৩৫৫৫২৮